

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৩

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. জ্ঞাত বিষয় সম্পর্কে জিজ্ঞাসিত হয়ে যে ব্যক্তি তা গোপন করে

بَابِ مَنْ سُئِلَ عَنْ عِلْمٍ فَكَتَمَهُ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ أَبِي السَّرِيِّ الْعَسْقَلاَنِيُّ، حَدَّثَنَا خَلَفُ بْنُ تَمِيمٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّرِيِّ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم _ " إِذَا لَعَنَ آخِرُ هَذِهِ الْأُمَّةِ أَوَّلَهَا فَمَنْ كَتَمَ حَدِيثًا فَقَدْ كَتَمَ مَا أَنْزَلَ اللَّهُ " .

বাংলা

৩/২৬৩। জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এই উম্মাতের পরবর্তীকালের লোকেরা যখন তাদের পূর্ববর্তীকালের লোকেদের অভিশাপ দিবে, তখন কেউ একটি হাদীস গোপন করলে, সে যেন আল্লাহ কর্তৃক নাযিলকৃত কিতাবকেই গোপন করলো।

English

It was narrated that Jabir said:

"The Messenger of Allah said: 'When the last people of this Ummah curse the first, (at that time) whoever conceals a Hadith will be concealing what Allah has revealed.'"

ফুটনোট

তাহকীক আলবানী: খুবই দুর্বল। তাখরীজ আলবানী: জামি সগীর ৬৮৭ যঈফ জিদ্ধান, যঈফ তারগীব ৯৬, যঈফা ৪/১৫০৭; যঈফাহ ১৫০৭ তালীকুল রগীব ১/৭৪। উক্ত হাদিসের রাবী হুসায়ন বিন আবু সারিয়ী আল আসকালানী সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও অন্যত্রে তিনি বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন